



আমাকে ফেলে রাখবেন না।

ই-মেইলে প্রাপ্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
(বোর্ড প্রশাসন-২)  
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

তারিখঃ ২১ ফাল্গুন ১৪২৪  
০৫ মার্চ ২০১৮

নথি নং- ০৮.০১.০০০০.০০২.০৩.০০১.১৬.(অংশ-২)/ ১৩৭

বিষয়: মানিলভারিং প্রতিরোধ আইনের সাথে সংশ্লিষ্ট বিষয়াদি অনুসন্ধান ও তদন্তের দায়িত্ব প্রদান।

- সূত্র : (১) নথি নং: ০৮.০১.০০০০.০০২.০৩.০০১.১৬/(অংশ-২)/৬২৪, তারিখ: ০২/১০/২০১৬;  
(২) কার্যবিবরণী (নথি নং: ০৮.০১.০০০০.০০২.০৩.০০২.১৬ অংশ-২)/৬৬০, তারিখ: ২৪/০৯/২০১৭;  
(৩) ৮ম বোর্ড সভার কার্যবিবরণী (নথি নং: ০৮.০১.০০০০.০০২.০৩.০০১.১৭/৭১৯ তারিখ: ১২/১০/২০১৭);  
(৪) ৯ম বোর্ড সভার কার্যবিবরণী (নথি নং: ০৮.০১.০০০০.০০২.০৩.০০১.১৭/৮৯৪ তারিখ: ০৫/১১/২০১৭);

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মানিলভারিং সংক্রান্ত মূল আইন অর্থাৎ মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ২(ঠ)(অ) এর সাথে সামঞ্জস্য পূর্ণ না হওয়ায় জাতীয় রাজস্ব বোর্ড হতে “তদন্তকারী সংস্থা” সংক্রান্ত জারিকৃত সূত্রোক্ত ১ নং পত্রটি বাতিল করা হলো।

০২। মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ২(ঠ)(অ) এ বর্ণিত “তদন্তকারী সংস্থা” হিসেবে মানিলভারিং সংক্রান্ত অপরাধ কাস্টমস, মূল্য সংযোজন কর, আয়কর এবং সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল এর মধ্যে যে সংস্থা কর্তৃক উদঘাটিত হবে সে দপ্তরই মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং এর সংশোধনী ২০১৫ অনুযায়ী তদন্ত করবে এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

০৩। জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত অন্য কোন দপ্তর কর্তৃক উদঘাটিত মানিলভারিং বিষয়ক মামলার তদন্তের জন্য জাতীয় রাজস্ব বোর্ড অনুরোধ প্রাপ্ত হলে বিদ্যমান আইনের আলোকে অপরাধের সংশ্লিষ্টতা অনুসারে কাস্টমস, মূল্য সংযোজন কর এবং আয়কর বিভাগের যে কোন দপ্তরকে অথবা সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল কে জাতীয় রাজস্ব বোর্ড দায়িত্ব প্রদান করবে।

(এস এম আশফাক হুসেন)

সদস্য (বোর্ড প্রশাসন)

ফোনঃ-৮৩৯১৪৮৪

ই-মেইলঃ- ashfaquehussain@gmail.com

প্রাপক(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। কমিশনার, কাস্টমহাউস (সকল)।
- ২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
- ৩। কমিশনার, কর অঞ্চল (সকল)।
- ৪। মহাপরিচালক (সকল)।

নথি নং- ০৮.০১.০০০০.০০২.০৩.০০১.১৬.(অংশ-২)/ ১৩৭

তারিখঃ ২১ ফাল্গুন ১৪২৪  
০৫ মার্চ ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। হেড অফ বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ২। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩। অফিস কপি।

(মোসাঃ সৈলিনা খাতুন)

দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-২)

ফোনঃ-৮৩১৮১২০-৬/এক্সঃ ৩৭৭

ই-মেইলঃ- admn2nbr@gmail.com